

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিরি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

**আসন্ন পরিত্র স্টেডুল আজহা উপলক্ষ্যে প্রাপ্ত কোরবানির চামড়া যথাযথভাবে সংরক্ষণ ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিষয়ে তদারকির লক্ষ্য
আয়োজিত বিশেষ সভার কার্যবিবরণী**

সভাপতি: জনাব বাবলু কুমার সাহা

মহাপরিচালক (অতিরিক্তসচিব)

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

তারিখ : ২৬ জুলাই ২০২০ খ্রি।

বিকাল ৩:০০ টা

স্থান : অধিদপ্তরের সভা কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় আসন্ন পরিত্র স্টেডুল আজহা উপলক্ষ্যে প্রাপ্ত গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ কাঁচা চামড়ার গুণগতমান বজায় রেখে যথাযথভাবে সংরক্ষণ, চামড়া ক্রয়-বিক্রয়, জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচার-প্রচারণা ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	কোরবানির চামড়া যথাযথভাবে সংগ্রহ ও সংরক্ষণে সচেতনতা সৃষ্টি ও বাণিজ্য মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রাপ্ত ২০,০০০ (বিশ হাজার) লিফলেট বিতরণের বিষয়ে আলোচনা করা হয়।	<p>(ক) কোরবানির চামড়া যথাযথভাবে সংগ্রহ ও সংরক্ষণে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রাপ্ত লিফলেট ঢাকা মহানগরসহ সকল বিভাগ ও জেলা কার্যালয়ের মাধ্যমে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(খ) প্রচার প্রচারণার লক্ষ্যে প্রাপ্ত লিফলেটটি অধিদপ্তরের ওয়েব সাইট এবং সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রচার করতে হবে। এছাড়াও নিয়মিত বাজার অভিযান পরিচালনাকালে হ্যান্ড-মাইক্রো মাধ্যমেও প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।
০২	সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে কোরবানির চামড়া ক্রয়-বিক্রয় নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়।	<p>ক) সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে কোরবানির চামড়া ক্রয়-বিক্রয় নিশ্চিতকরণের লক্ষ্যে তদারকি কার্যক্রম জোরাদার করতে হবে।</p> <p>খ) কাঁচা চামড়ার সংরক্ষণ ও মজুদ পরিস্থিতি তদারকি করতে হবে।</p>	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।
০৩	কাঁচা চামড়ার গুণগতমান বজায় রাখার বিষয়ে আলোচনা করা হয়।	<p>(ক) কাঁচা চামড়ার গুণগতমান বজায় রাখার লক্ষ্যে বিশেষ করে কোরবানির ৫-৬ ঘন্টার মধ্যে পর্যাপ্ত পরিমাণে লবন (৬-৮ কেজি) চামড়ায় লাগানো বিষয়ে জনগণকে উদ্ব�ৃদ্ধ ও সচেতন করতে হবে।</p> <p>(খ) কাঁচা চামড়ার গুণগতমান বজায় রাখার প্রক্রিয়াটি তদারকি করতে হবে।</p> <p>(গ) লবনের সরবরাহ ও মূল্য পরিস্থিতি তদারকি করতে হবে।</p>	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।

~

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৪	কোরবানির চামড়া যথাযথভাবে সংরক্ষণ ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিষয়ে তদারকির লক্ষ্যে কন্ট্রোল সেল স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	(ক) কোরবানির চামড়া যথাযথভাবে সংরক্ষণ ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিষয়গুলো তদারকির লক্ষ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কন্ট্রোল সেল স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) কোরবানির চামড়া যথাযথভাবে সংরক্ষণ ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিষয়ে তদারকির লক্ষ্যে পরিচালক (প্রশাসন ও অর্থ) কে প্রধান করে উপপরিচালক, ঢাকা বিভাগীয় কার্যালয়, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক (কার্যক্রম)কে সদস্য করে কন্ট্রোল সেলের দায়িত্ব প্রদান করতে হবে। মহাপরিচালক কন্ট্রোল সেলের সার্বিক তত্ত্বাবধান করবেন মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।	অধিদপ্তরের প্রশাসন বিভাগ
০৫	বিবিধ	(ক) বর্ণিত বিষয়ে স্ব স্ব বিভাগের দায়িত্বপ্রাপ্ত উপপরিচালক তাঁদের অধিনস্থ কার্যালয়সমূহের কার্যক্রম তদারকি করবেন। (খ) এ সংক্রান্ত উদ্ভৃত সমস্যা সমাধানে স্থানীয় প্রশাসনের সহযোগিতা গ্রহণ করবেন এবং কন্ট্রোল সেলকে অবহিত করবেন। (গ) জাতীয় সম্পদ কাঁচা চামড়ার গুণগতমান বজায় রাখার লক্ষ্যে চামড়া যথাযথভাবে সংরক্ষণ, চামড়া ক্রয়-বিক্রয়, জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচার-প্রচারণা ও অন্যান্য আনুষৎগিক কার্যক্রমের জন্য সকল কর্মকর্তা-কর্মচারীকে কর্মসূলে উপস্থিতি নিশ্চিত করতে হবে। (ঘ) সার্বিক কার্যক্রম সম্পাদনপূর্বক ৫ আগস্ট ২০২০ তারিখের মধ্যে একটি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। (ঙ) বাণিজ্য মন্ত্রণালয় থেকে প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়ন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হয়ে দায়িত্ব পালন করতে হবে।	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিতি সকলকে খন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত/-
(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৮১৮৯৮২৬
ইমেইল: dg@dncrp.gov.bd
A.

স্মারক নম্বর: ২৬.০৮.০০০০.১০৮.৯৯.০৮৩.২০. (১৫)

তারিখ: ২৬ জুলাই ২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৪। সহকারী পরিচালক (সকল), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৫। অফিস কপি।


(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)